

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ই-সার্ভিস অপারেশন শাখা  
www.ictd.gov.bd

আইসিটি বিভাগের উদ্ভাবন কর্মপরিকল্পনায় মহামারী/আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপের রূপরেখা

ক্রমিক নং	বিষয়	কার্যক্রম/পদক্ষেপ
১	ই-নথি কার্যক্রম	১। আইসিটি বিভাগের ই-নথি কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সকল কর্মকর্তা/কর্মচারীদের ই-নথি বিষয়ক রিফ্রেশমেন্ট প্রশিক্ষণ সেইসাথে নতুন যোগদানকৃত কর্মকর্তা/কর্মচারীদেরকে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ জুম প্ল্যাটফরম (অনলাইন)-এ প্রদান করা হয়েছে। ২। আইসিটি বিভাগ কর্তৃক কোভিডকালীন মহামারী/আপদকাল মোকাবেলায় ই-নথির মাধ্যমে সকল কার্যক্রম পরিচালনা করার জন্য এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাকে নির্দেশনা প্রদান করা হয়েছে।
২	সভা/সেমিনার/কনফারেন্স	কোভিডকালীন মহামারী/আপদকাল মোকাবেলায় আইসিটি বিভাগ কর্তৃক সমন্বয় সভা, আইসিটি অনুবিভাগের সভা, ইনোভেশন টিমের সভা, এপিএ, এসআইএস সংক্রান্ত সভা ইত্যাদি সকল প্রকার সভাসমূহ জুম প্ল্যাটফরম (অনলাইন)-এর মাধ্যমে সম্পন্ন করা হয়েছে।
৩	ভিডিও কলের মাধ্যমে সেবা প্রদান	আইসিটি টাওয়ারে প্রবেশ নিষেধাজ্ঞার কারণে প্রবেশ করতে না পারা সেবাপ্রার্থীদের ভিডিওকলের মাধ্যমে সাফাৎ সেবা প্রদান।
৪	অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম	আইসিটি বিভাগ কর্তৃক কোভিডকালীন মহামারী/আপদকাল মোকাবেলায় এ বিভাগসহ এর আওতাধীন দপ্তর/সংস্থা ও প্রকল্পের সকল প্রশিক্ষণ জুম প্ল্যাটফরম (অনলাইন)-এর মাধ্যমে সম্পন্ন নির্দেশনা প্রদান করা হয়।
৫	ভিডিও কনফারেন্স নিশ্চিতকরণ	মহামারীকালীন সময়ে বিশেষ পরিস্থিতিতে প্রধানমন্ত্রীর কার্যালয়সহ সরকারের সকল দপ্তরের মধ্যে ভিডিও কনফারেন্স নিশ্চিত করতে প্রয়োজনীয় সেবা প্রদান।
৬	কর্মকর্তা-কর্মচারীদের অবশ্য পালনীয় ও বর্জনীয় আচরণসমূহ নির্ধারণ	১। করোনাকালীন ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে অফিস চলাকালীন সময়ে আইসিটি বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীদের নিরাপদ স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকল্পে অবশ্য পালনীয় ও বর্জনীয় আচরণসমূহ নির্ধারণ করা বিষয়ক অফিস আদেশ জারি করা হয়েছে। ২। সরকারের স্বাস্থ্যবিধি ও বিভিন্ন শর্তাবলী মেনে অফিস পরিচালনা, অফিসের পরিষ্কার-পরিচ্ছন্নতা ও অফিসে জীবানুনাশক স্প্রে নিশ্চিত করা।

৫৬/২৩.০৭.২০২০  
মোঃ শরিফুল ইসলাম  
সিস্টেম এনালিস্ট  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ